যুগান্তর

1 ৯ 2002

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৬

Elite Paint
যুগান্তর

আন্তঃ স্কুল সংসদীয় বিতর্ক উৎসব

# দ্বিতীয় রাউন্ডে উঠেছে ৮ স্কুল

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম কলেজ ডিবেটিং সোসাইটি (সিডিএস) আয়োজিত 'এলিট পেইন্ট-যুগান্তর আন্তঃস্কুল সংসদীয় বিতর্ক উৎসব'-এর দ্বিতীয় রাউন্ডে উন্নীত হয়েছে ৮টি স্কুল। গতকাল বুধবার চট্টগ্রাম কলেজ অডিটরিয়ামে উৎসবের দ্বিতীয় দিনে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের উপস্থিতিতে ৪টি বিতর্ক অধিবেশনের মাধ্যমে প্রথম রাউন্ড সমাপ্ত হয়। আজ বৃহস্পতিবার ও কাল

বিতর্ক : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## বিতর্ক : উৎসব

(শেষ পৃষ্ঠার পর)

শুক্রবার দু'দিন বন্ধের পর ২০ জুলাই শনিবার সকাল ১০টা থেকে উৎসবের মূল আকর্ষণ দ্বিতীয় রাউন্ড শুরু হবে।

উৎসবে অংশগ্রহণকারী মোট ১২টি স্কুলের মধ্য থেকে তীব্র প্রতিদ্বন্দ্বিতার পর দ্বিতীয় রাউন্ডে উন্নীত ৮টি স্কুল হল- চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সেন্ট স্কলাসটিকা গার্লস হাইস্কুল, চট্টগ্রাম সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজ, সেন্ট প্লাসিডস হাইস্কুল, ডা. খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম কলেজিয়েট স্কুল (প্রাতঃ বিভাগ) এবং কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়।

এলিট পেইন্ট-যুগান্তর আন্তঃস্কুল সংসদীয় বিতর্ক উৎসবের গতকাল দ্বিতীয় দিনে মোট ৪টি অধিবেশন অনুষ্ঠিত হয়। 'ক্রীড়া উন্নয়নের স্বার্থে ক্রীড়া বাজেট বৃদ্ধি নয় বরং ক্রীড়া খাতে পুনর্গঠনের মাধ্যমেই ক্রীড়া উন্নয়ন সাধন করা হোক'- বিষয়ে প্রথম বিতর্কে বিরোধী দল ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ বিজয়ী হয় সরকারি দল কলেজিয়েট (প্রাতঃ) স্কুলের বিপক্ষে। 'দেশীয় উন্নয়নের লক্ষ্যে বৃহত্তর শিল্প খাত অপেক্ষা ক্ষুদ্র শিল্প খাতকে অগ্রাধিকার দেয়া হোক' বিষয়ে দ্বিতীয় বিতর্কে সরকারি দল চট্টগ্রাম সরকারি বালক উচ্চ বিদ্যালয় হারায় বিরোধী দল নাসিরাবাদ বালক উচ্চ বিদ্যালয়কে। 'দেশীয় অর্থনীতি বিকাশের স্বার্থে মুক্তবাজার অর্থনীতি নিষিদ্ধ করা হোক' বিষয়ে তৃতীয় বিতর্কে বিরোধী দল সেন্ট প্লাসিডস বিজয়ী হয় বিএএফ শাহীন স্কুল এন্ড কলেজের বিপক্ষে। 'আইন প্রয়োগের মাধ্যমে মেধা পাচার নিষিদ্ধ করা হোক' বিষয়ে দিনের চতুর্থ বিতর্কে বিরোধী দল রেলওয়ে পাবলিক স্কুল অনুপস্থিত থাকায় ওয়াক ওভার পেয়ে দ্বিতীয় রাউন্ডে উন্নীত হয় ডা. খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়।

বিতর্ক অধিবেশনগুলোতে স্পীকার হিসাবে ছিলেন সিডিএস-এর সাবেক সভাপতি নিজামুল হক সিকদার এবং সাবেক সহ-সভাপতি ও জাতীয় বিতার্কিক অর্পিতা বড়ুয়া। বিচারকের দায়িত্ব পালন করেন চট্টগ্রাম কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক কামরুল আখতার, বিএএফ শাহীন স্কুলের মডারেটর রিফাত আরা, বিতার্কিক অর্পিতা বড়ুয়া, সাজ্জাদ হোসেন এবং যুগান্তর চট্টগ্রাম ব্যুরোর স্টাফ রিপোর্টার হাসান ফেরদৌস ও জামসেদ রেহমান চৌধুরী। উৎসবের দ্বিতীয় দিনের অনুষ্ঠান পরিচালনা ও উপস্থাপনায় ছিলেন সিডিএস সভাপতি কফিলউদ্দিন আহমদ, শুভাশীষ চক্রবর্তী এবং শাহে আরেফিন। সার্বিক সহযোগিতায় ছিলেন সিডিএসের সদস্য প্রসূন, পিনাকী, আরিফ, সাইফুল প্রমুখ। শত শত ছাত্রীর উপস্থিতিতে গতকাল চট্টগ্রাম কলেজ অডিটরিয়ামের উৎসব প্রাঙ্গণ মুখরিত হয়ে ওঠে।